শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/১৫৯/৫/৩৫২ তারিখ: ৩০ নভেম্বর, ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর হিসাব দপ্তরের জন্য সহকারী পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা এর ০২(দুই)টি পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : সহকারী পরিচালক : ২৯০০০-৬৩৪১০/-(গ্রেড-৭)
হিসাব রক্ষণ কর্মকর্তা : ২২০০০-৫৩০৬০/=(গ্রেড-৯)

আবেদনের শেষ তারিখ : ২১ ডিসেম্বর, ২০২৫

**আবেদনের প্রক্রিয়া:**

প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে :

(ক) সকল সনদপত্র/প্রশংসাপত্রের স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল) (গ) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) উক্ত পদের জন্য ৬০০/=(ছয়শত) টাকা নির্ধারিত ফি (সব ধরণের চার্জ ব্যতিত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমানপত্র।

**যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত:**

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.edu এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

উল্লেখ্য, সহকারী পরিচালক পদে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে হিসাব রক্ষণ কর্মকর্তা পদে লোক নিয়োগ করা হবে।

৩০.১১.২৫

সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির
রেজিস্ট্রার

৩০/১১/২৫

**সহকারী পরিচালক পদে যোগ্যতা ও অভিজ্ঞতাঃ**

প্রার্থীর বাণিজ্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ কোন বিশ্ববিদ্যালয়/সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/প্রাইভেট প্রতিষ্ঠানে হিসাব/নিরীক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তা পদে (জাতীয় বেতন স্কেলের ৯নং গ্রেডভুক্ত) ন্যূনতম ০৫(পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি বা সিজিপিএ ২.৫ এর নীচে গ্রহণযোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৩৭ (সাইত্রিশ) বছর। অভিজ্ঞতা সম্পন্ন (চাকুরীরত) প্রার্থীদের ক্ষেত্রে বয়সের শর্ত সর্বোচ্চ ০৫(পাঁচ) বছর শিথিলযোগ্য।

অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

৩.১২.২৫

(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার

৩/১২/২০২৫

## হিসাব রক্ষণ কর্মকর্তা পদে যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রার্থীর বাণিজ্যে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিসহ শিক্ষাজীবনে কমপক্ষে ৩(তিন)টি পরীক্ষায় ১ম শ্রেণী/বিভাগ অথবা সমমানের গ্রেড থাকতে হবে।

অথবা

প্রার্থীর বাণিজ্যে ৪(চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা বাণিজ্যে স্নাতকোত্তর ডিগ্রিসহ কোন বিশ্ববিদ্যালয়/ সরকারি/আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠা/প্রাইভেট প্রতিষ্ঠানে হিসাবরক্ষণ/নিরীক্ষা সংক্রান্ত কাজে (জাতীয় বেতন স্কেলের ১০নং গ্রেডভুক্ত পদে) ০৪(চার) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী বা সিজিপিএ ২.৫ এর নীচে গ্রহণযোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। অভিজ্ঞতা সম্পন্ন (চাকুরীরত) প্রার্থীদের ক্ষেত্রে বয়সের শর্ত সর্বোচ্চ ০৫(পাঁচ) বছর শিথিলযোগ্য।

অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

৩.১২.২৫

(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার

৩।১২।২০২৫

CamScanner